



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট
দুবলহাট রোড, আরজি নওগাঁ, নওগাঁ।
অধ্যক্ষ এর কার্যালয়
czi.naogaon.gov.bd



স্মারক নম্বর: ৪৭.৬১.০০০০.৪৫১.২৫.০০৯.২৩.১৪

তারিখ: ২১ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
০৪ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (NSDA) এর কারিকুলাম অনুযায়ী “কম্পিউটার অপারেশন” লেবেল-৩ (রাজস্ব) বিষয়ক প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থী প্রেরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, নওগাঁতে আগামী ১১/০২/২০২৪ খ্রি: হতে ১০/০৪/২০২৪ খ্রি: পর্যন্ত (৩৬০ ঘন্টা) ৬০ দিন ব্যাপী সমবায় সমিতির পুরুষ সদস্যগণের সমন্বয়ে “কম্পিউটার অপারেশন” লেবেল-৩ (রাজস্ব) প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হবে। উক্ত প্রশিক্ষণ কোর্সে নিম্নবর্ণিত জেলা কোটা অনুযায়ী কম্পিউটার বিষয়ে প্রাথমিক জ্ঞান আছে এমন প্রশিক্ষণার্থী প্রেরণের জন্য অনুরোধ করা হলো। প্রশিক্ষণার্থী মনোনয়নের ক্ষেত্রে প্রদত্ত “ছক” মোতাবেক তথ্য হালনাগাদ করে কোর্সের ০৫ (পাঁচ) দিন পূর্বে মনোনয়নপত্র অত্র দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে। প্রত্যেক প্রশিক্ষণার্থীর হোস্টেলে অবস্থান বাধ্যতামূলক। প্রশিক্ষণ তহবিল থেকে খাওয়া ও থাকার ব্যবস্থা আছে। যাতায়াত ভাতা দুরত্ব অনুসারে প্রদান করা হবে। প্রশিক্ষণার্থীগণের সঙ্গে কোন অতিরিক্ত লোক/ছেলে, মেয়ে আনা যাবে না। নিম্নে জেলা ভিত্তিক কোটা প্রদত্ত হলো।


ক্র:	জেলার নাম	কোটা
১	নওগাঁ	০৫
২	বগুড়া	০৫
৩	জয়পুরহাট	০২
৪	নাটোর	০৩
৫	সিরাজগঞ্জ	০৩
৬	রাজশাহী	০৪
৭	চাঁপাই নবাবগঞ্জ	০২
	মোট=	২৪

শর্তাবলি

- ০১ প্রশিক্ষণার্থীর বয়স ১৮-৩০ এর মধ্যে হওয়া বাঞ্ছনীয়। তা না হলে প্রশিক্ষণার্থীকে ফেরত পাঠানো হবে।
- ০২ কমপক্ষে এইচ.এস.সি পাশ হতে হবে এবং এইচ এস সি পাশের প্রমাণক সঙ্গে নিয়ে আসতে হবে।
- ০৩ সমবায় সমিতির প্রকৃত সদস্য হতে হবে এবং এক সমিতি হতে একজনের বেশী মনোনয়ন দেওয়া যাবে না।
- ০৪ প্রশিক্ষণার্থীগণকে ০১ (এক) কপি ছবি ও আইডি কার্ডের অনুলিপি সংগে আনতে হবে।
- ০৫ সদস্য রেজিস্টারে প্রশিক্ষণার্থীর নামের পাতার সত্যায়িত অনুলিপি।
- ০৬ সর্বশেষ অডিট প্রতিবেদনের ডিটেলিস্ট এর সত্যায়িত অনুলিপি।
- ০৭ জাতীয় পরিচয় পত্র নাই এমন সমবায়ীকে এবং আইডি নাই এমন সমিতি থেকে মনোনয়ন প্রদান থেকে বিরত থাকতে হবে।
- ০৮ এ কোর্সে কোন মহিলা প্রশিক্ষণার্থী প্রেরণ করা যাবে না।

অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীকে আগামী ১০/০২/২০২৪ খ্রি: অপরাল্কে কর্তৃপক্ষের নিকট রিপোর্ট করতে হবে।

ক্র: নং	প্রশিক্ষণার্থীর নাম ও জাতীয় পরিচয়পত্র নং	বয়স	পদবী	সমিতির নামসহ আইডি নং	প্রশিক্ষণার্থীর স্থায়ী ঠিকানা, মোবাইল নং ও ই-মেইল নং
০১	০২	০৩	০৪	০৫	০৬



০৪-০২-২০২৪
মোঃ সেলিমুল আলম শাহিন
অধ্যক্ষ

বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):


- ১। জেলা সমবায় কর্মকর্তা , জেলা সমবায় অফিস, জেলা সমবায় অফিস, রাজশাহী;
- ২। জেলা সমবায় কর্মকর্তা , জেলা সমবায় অফিস, জেলা সমবায় অফিস, টাঁপাইনবাবগঞ্জ;
- ৩। জেলা সমবায় কর্মকর্তা , জেলা সমবায় অফিস, জেলা সমবায় অফিস, নাটোর;
- ৪। জেলা সমবায় কর্মকর্তা (ভারপ্রাপ্ত), জেলা সমবায় অফিস, জেলা সমবায় অফিস, সিরাজগঞ্জ;
- ৫। জেলা সমবায় কর্মকর্তা, ০, জেলা সমবায় কার্যালয়, বগুড়া;
- ৬। জেলা সমবায় কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), জেলা সমবায় অফিস, জেলা সমবায় অফিস, জয়পুরহাট এবং
- ৭। জেলা সমবায় কর্মকর্তা, জেলা সমবায় অফিস, জেলা সমবায় অফিস, নওগাঁ।

স্মারক নম্বর: ৪৭.৬১.০০০০.৪৫১.২৫.০০৯.২৩.১৪/১ (৩)

২১ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ০৪ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমী, কুমিল্লা;
- ২। বিভাগীয় যুগ্ম-নিবন্ধক, যুগ্ম নিবন্ধকের দপ্তর , বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী এবং
- ৩। অতিরিক্ত নিবন্ধক, ইপিপি অধিশাখা, সমবায় অধিদপ্তর।



০৪-০২-২০২৪
মোঃ সেলিমুল আলম শাহিন
অধ্যক্ষ